



পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ
মুর্শিদাবাদ জেলা শাখা
বিজ্ঞান অভীক্ষা : ২০২৫

সময় : ১ ঘ. ৩০ মি.

ষষ্ঠ শ্রেণি

পূর্ণমান - ১০০


নাম/ Name

নির্দেশিকা

- ১) প্রতি প্রশ্নের উত্তর A, B, C, D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। OMR-এ ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।
- ২) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে।
- ৩) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে এঁ কাগজে রাফ করবে।
- ৪) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

GROUP - A


1. পচনশীল আবর্জনা দীর্ঘদিন সুপাকারে জমে থাকলে যে গ্যাস নিগত হয় তা হল -
A) কার্বন-ডাইঅক্সাইড B) অক্সিজেন C) মিথেন D) ওজন।
2. নিম্নলিখিত ঘটনাগুলির মধ্যে প্রাকৃতিক ঘটনা কোনটি? A) বাজি কারখানায় অগ্নিকাণ্ড B) সাগরদীঘি তাপবিদ্যুৎ কেন্দ্রে বিদ্যুৎ উৎপাদন
C) শীততাপ নিয়ন্ত্রিত যন্ত্রের দ্বারা তাপমাত্রা কমানো D) অতিরিক্ত বৃষ্টির জন্য বন্যা।
3. একটা পাত্রে কিছুটা পরিষ্কার চুনজল নিয়ে কোল্ড ড্রিংক্স খাবার 'স্ট্র' দিয়ে এঁ জলের মধ্যে সাবধানে 'ফুঁ' দিলে চুনজল ঘোলা হয়ে যায় কারণ—
A) নিশ্বাসে জলীয় বাষ্প থাকে B) নিশ্বাসে কার্বনডাইঅক্সাইড গ্যাস থাকে
C) নিশ্বাসে অক্সিজেন গ্যাস থাকে D) নিশ্বাসে নাইট্রোজেন (N₂) গ্যাস থাকে।
4. নীচের ধাতুগুলোর মধ্যে কোনটি তরল ধাতু? A) স্বর্ণ B) অ্যালুমিনিয়াম C) তামা D) পারদ।
5. দুটি মৌলিক পদার্থ অক্সিজেন ও হাইড্রোজেন রাসায়নিক বিক্রিয়া করে কি উৎপাদন করে?
A) অ্যাসিড B) জল C) খেজুর রস D) কোল্ড ড্রিংক্স।
6. মানবদেহের লোহিত রক্ত কনিকার কাজ— A) কোশে কোশে খাদ্য কণা পরিবহন করা
B) কোশে কোশে অক্সিজেন ও কার্বনডাইঅক্সাইড আদান প্রদান করা C) রোগ জীবাণুর সঙ্গে লড়াই করা D) তেমন কোন কাজই করে না।
7. নীচের বীজগুলোর মধ্যে কোনটি দ্বীবীজ পত্রী?— A) ধানবীজ B) গমবীজ C) ছোলাবীজ D) সুপুরি বীজ।
8. নীচের বস্তুগুলির মধ্যে কোনটি লিভার নয়? A) হাতুড়ী B) কাঁচি C) জাঁতি D) থালা।
9. নীচের প্রাণীগুলোর মধ্যে কোন প্রাণীর হাড় বা অস্থি নাই? A) পাখি B) মাছ C) সাপ D) কেঁচো।
10. নীচে কতগুলো শক্তির উৎসের নাম দেওয়া হলো। এগুলোর মধ্যে কোনটি নবীকরণযোগ্য নয়?—
A) সৌর শক্তি B) বায়ু শক্তি C) কয়লা D) জোয়ার ভাটা।
11. উদ্ভিদের বৃষ্টির পরিমাপ করা হয় যে যন্ত্রের সাহায্যে— A) স্কেল B) অক্সানোমিটার C) তুলা যন্ত্র D) থার্মোমিটার।
12. পাশের চিত্রটির সঙ্গে কোনটি সম্পর্কযুক্ত?




- A) প্রিজম B) পিরামিড C) ঘনক D) কোনটি নয়
13. পরস্পর ঘনিষ্ঠভাবে সম্পর্ক যুক্ত অঙ্গগুলি নিয়ে শব্দগুচ্ছ করা হয়েছে। কোনটিতে ভুল আছে?
A) পাকস্থলী, যকৃত, অগ্ন্যাশয় B) টেন্ডন, লিগামেন্ট, পেশী C) ফুসফুস, শ্বাসনালী, পিটুইটারি D) রক্ত, হৃৎপিণ্ড, ধমনী।
14. 5টি বিস্কুটের প্যাকেট আছে। প্রত্যেকে প্রতি প্যাকেটের $\frac{1}{4}$ অংশ করে খেলে কত জন খেতে পারবে?
A) 20 B) 15 C) 16 D) 18
15. 5 অঙ্কের বৃহত্তম সংখ্যাটি লেখো যাকে 16, 24, 30 এবং 36 দিয়ে ভাগ করলে প্রত্যেক ক্ষেত্রে 10 ভাগশেষ থাকবে।
A) 99405 B) 99370 C) 99480 D) 99325
16. সরল করো : (+20-এর বিপরীত সংখ্যা) - (-7-এর বিপরীত সংখ্যা) - (-8)
A) -23 B) 25 C) 19 D) -19
17. দুটি ধনাত্মক পূর্ণসংখ্যার গুণফল 1575 এবং ভাগফল $\frac{9}{7}$, সংখ্যাগুলি কী হবে?
A) 45, 35 B) 65, 15 C) 75, 25 D) 25, 85


VI(২)

18. দেবুবাবু 11 ঘন্টা 36 মিনিটে একই রকম 4 টি মাটির মূর্তি তৈরি করতে পারেন; যদি তিনি 1 টি মূর্তি তৈরি করেন, তাঁর কত সময় লাগে?—
 A) 2 ঘন্টা 15 মি. B) 3 ঘন্টা 16 মি. C) 2 ঘন্টা 54 মি. D) 3 ঘন্টা 35 মি.।
19. 2013 সালের স্বাধীনতা দিবস বৃহস্পতিবার ছিল। 2016 সালের স্বাধীনতা দিবস কী বার ছিল?
 A) সোমবার B) বুধবার C) শুক্রবার D) রবিবার।
20. এক ধরনের গহনায় সোনা ও রূপো 4:7 অনুপাতে মেশানো আছে। এই রকম গহনার 357 মিলিগ্রাম রূপোর সাথে কত মিলিগ্রাম সোনা মেশানো আছে?
 A) 210 মিলিগ্রাম B) 204 মিলিগ্রাম C) 306 মিলিগ্রাম D) 256 মিলিগ্রাম।
21. একটি সরলরেখার উপর একটি নির্দিষ্ট বিন্দুতে _____ টি লম্ব অঙ্কন করা যায়।
 A) একটি B) দুইটি C) চারটি D) একটিও নয়।
22. তিনটি বা তার বেশি সরলরেখা একটি বিন্দুতে মিলিত হলে সরলরেখা গুলিকে বলে _____ সরলরেখা।
 A) সমরেখ B) সর্বসম C) সদৃশ D) সমবিন্দু।
23. 2.172-এর সাথে কত যোগ করলে 5 হবে? A) 2.307 B) 2.828 C) 2.728 D) 3.828
24. মনে কর তোমাদের ক্লাশে 4 টি সেকশন আছে। ক সেকশনে 40 জন, খ সেকশনে 45 জন, গ সেকশনে 40 জন ও ঘ সেকশনে 50 জন ছাত্রছাত্রী পড়ে। এই তথ্যগুলি স্তম্ভচিত্রে প্রকাশ করা হলে, নিচের কোন স্তম্ভচিত্রটি ঠিক?—



25. পাশে চিত্রিত বৃত্তটির কেন্দ্র O, বৃত্তটির কোন জ্যা-টি ক্ষুদ্রতম?



- A) AB B) CD
 C) EF D) GH
26. তোমাদের পুকুরে মাছ ধরার জন্য একজনকে কাজে লাগিয়েছ। মাছ ধরার পর ঐ ব্যক্তিকে সমান তিনভাগের এক ভাগ মাছ দিলে। বাকী মাছ তোমার বাবা, দুই কাকা ও এক জ্যাঠা সমান ভাগে পেলেন। তোমার বাবা কত অংশ মাছ পেলেন?
 A) $(1 - \frac{1}{3}) \div \frac{1}{4}$ B) $(1 - \frac{1}{3}) \div 3$ C) $(1 - \frac{1}{3}) \div 4$ D) $(1 - \frac{2}{3}) \div 4$
27. চেরাপুঞ্জিতে প্রচুর বৃষ্টি হলেও বিশেষ চাষাবাদ করা যায় না কারণ—
 A) মানুষ কম B) এখানে উন্নততা বেশি C) পাহাড়ের ঢাল বেশি D) এখানে শিল্প বেশি।
28. উত্তর পশ্চিম ভারতে শীতকালীন বৃষ্টির জন্য দায়ী—
 A) কালবৈশাখী B) পশ্চিমী বায়ু C) মেঘভাঙা বৃষ্টি D) মৌসুমী বায়ু।
29. অজানা অক্ষরটি নির্বাচন কর— A, C, F, J, ?
 A) N B) K C) L D) O
30. অজানা সংখ্যাটি কী হবে?


- A) 5 B) 4 C) 6 D) 16

GROUP - B

31. নিচের কোনটি কৃষিক্ষেত্রে সার হিসাবে ব্যবহৃত হয়?
 A) গ্যামাকসিন B) DAP C) ব্লিচিং পাউডার D) DDT
32. নিম্নলিখিত মাছগুলির মধ্যে কোনটি আঁশহীন?
 A) সিঙ্গিমাছ B) পুঁটিমাছ C) মৌরলামাছ D) কাতলামাছ।

VI(৩)

33. আমি 1858 সালে জন্মেছি। আমার জন্মস্থান ঢাকা বিক্রমপুর। আমি একজন বিজ্ঞানী। আমি মনে করি উদ্ভিদেরও প্রাণ আছে। আমি কে?
A) রবীন্দ্রনাথ ঠাকুর B) প্রফুল্লচন্দ্র রায় C) জগদীশচন্দ্র বসু D) বিধানচন্দ্র রায়।
34. জাতীয় বিজ্ঞান দিবস কোন তারিখে পালিত হয়?
A) 28 শে ফেব্রুয়ারী B) 5 ই জুন C) 7 ই এপ্রিল D) 16 ই জুন।
35. এই বছরটি কোন্ কবির জন্মশতবর্ষ?
A) জীবনানন্দ দাস B) সুকান্ত ভট্টাচার্য C) নীরেন্দ্রনাথ চক্রবর্তী D) রবীন্দ্রনাথ ঠাকুর।
36. আজ থেকে কত বছর আগে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড ঘটেছিল?
A) 102 B) 106 C) 110 D) 114
37. পারমানবিক তেজস্ক্রিয় আক্রান্ত কোন দেশের মানুষকে 'হিবাকুশা' বলা হয়?
A) আমেরিকার B) রাশিয়ার C) ভারতের D) জাপানের।
38. 'বিবিধের মাঝে দেখ মিলন মহান'— পংক্তিটি কোন কবির লেখা?
A) মধুসূদন দত্ত B) শামসুর রহমান C) রবীন্দ্রনাথ ঠাকুর D) সুনীল গঙ্গোপাধ্যায়।
39. বিশ্ব জলবায়ু ধর্মঘটগুলিতে নেতৃত্ব দিচ্ছেন কে?
A) ডোনাল্ড ট্রাম্প B) নরেন্দ্র দামোদর মোদী C) মেধা পাটেকার D) গ্রেটা থুনবার্গ।
40. নিচের কোন দুটি দেশে এক বছরেরও বেশি সময় ধরে বিধ্বংসী যুদ্ধ চলছে?
A) প্যালেস্টাইন ও ইজরায়েল B) ইরাক ও ইজরায়েল C) আমেরিকা ও রাশিয়া D) ফ্রান্স ও পর্তুগাল।

GROUP - C

41. নিচের কথাগুলির মধ্যে কোনটি ঠিক নয়?
A) এডওয়ার্ড জেনার একজন চিকিৎসক বিজ্ঞানী— যিনি গুটি বসন্তের টিকা আবিষ্কার করেন।
B) আলেকজান্ডার ফ্লেমিং ও আর্নস্ট চেইন পেনিসিলিন নামে অ্যান্টিবায়োটিক আবিষ্কার করেন।
C) লুইপাস্তুর জলাতঙ্ক রোগের টিকা আবিষ্কার করেন।
D) মেঘনাদ সাহা ছিলেন একজন বিখ্যাত রসায়নবিদ। যিনি আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের সহপাঠীও ছিলেন।
42. "তঁার স্বপ্ন ছিল মাতৃভাষায় বিজ্ঞান চর্চা। তার কাছে এটা এত স্বাভাবিক ছিল যে তা নিয়ে কোন তর্ক করতেন না। সেই উদ্দেশ্যে বিজ্ঞান কলেজের উল্টোদিকে ১৯৪৮ সালে ছোট্ট দুটি ঘরে "বঙ্গীয় বিজ্ঞান পরিষদ" এর যাত্রা শুরু হয়। মাসিক জ্ঞান ও বিজ্ঞান পত্রিকা প্রকাশও শুরু হয়। নিজের ছাত্র গোষ্ঠীর ওপর নির্দেশ ছিল নিজেদের গবেষণার বিষয়গুলি যেন তারা প্রাঞ্জল বাংলাভাষায় লেখে। এইভাবে তৈরি হল শক্তিশালী লেখক ও উৎসুক পাঠক গোষ্ঠী। কার স্বপ্ন ছিল?
A) আচার্য জগদীশ চন্দ্রবসু B) আচার্য রামেন্দ্র সুন্দর ত্রিবেদী
C) আচার্য সত্যেন্দ্রনাথ বসু D) আচার্য প্রফুল্ল চন্দ্র রায়।
43. তোমাদের স্কুলে আজ স্বাস্থ্য পরীক্ষা হয়েছে। ডাক্তারবাবুরা পঞ্চাশজনের মধ্যে প্রায় দশজনকে সামান্য রক্তাভ্রতা আছে বলে চিহ্নিত করেছেন। বিষয়টা নিয়ে তোমার বন্ধুরা নিজেদের মধ্যে আলোচনা করছিল। কে একেবারে ঠিক কথা বলছে না বলে তোমার মনে হয়?
A) সুদেবী — ওদের এখন প্রতিদিন আয়রন ট্যাবলেট খাওয়া দরকার।
B) রেজিনা — ওদের মায়েদের বলতে হবে যাতে প্রতিদিন ওদের কুলেখাড়ার রস খাওয়ায়।
C) সায়রা — সবার উচিৎ সুখম খাদ্যের ওপর সবচেয়ে গুরুত্ব দেওয়া; মাছ মাংস যেমন খাবে শাক সবজি ডাল, ফল ভাত রুটি এসবও উপযুক্ত পরিমাণে খেতে হবে।
D) তুষা — ওদের সবার লোহার বাল্য পরা উচিত।
44. 2025 সালে বিশ্বপরিবেশ দিবসের ভাবনা— প্লাস্টিক দূষণ বন্ধ করো। স্কুলের কর্মসূচী সেয়ে ফেরার পথে অমিতরা চারবন্ধু আলোচনা করতে করতে বাড়ি ফিরছিল। তোমার মতে কে ভুল কথা বলছে?
A) অমিতা — এত ক্ষতিকারক পদার্থ যখন তখন আমরা এখনই পুরোপুরি প্লাস্টিক বর্জন করতে পারি। এখনই প্লাস্টিক তৈরির সব কারখানা বন্ধ করে দেওয়া হোক।
B) শাবানা — না তা সম্ভব নয়, এখন আমাদের যা চাহিদা তা যদি কাঠ, কাগজ, পাট, মাটি, পাতা দিয়ে মেটাতে হয় তাতেও প্রকৃতি অন্যভাবে ক্ষতিগ্রস্ত হবে।
C) আয়েসা — আমরা যদি মোটা প্লাস্টিকের প্যাকেট বা অন্যান্য জিনিস ধুয়ে শুকিয়ে রেখে দি এবং আরো কয়েকবার ব্যবহার করি তবে প্লাস্টিক বর্জ্য অনেক কমানো যায়।
D) সুস্মিতা — 75 মাইক্রনের কম ঘনত্বের প্লাস্টিক যাতে আদৌ তৈরি এবং ব্যবহার না হয় তার জন্য প্রশাসনের কঠোর হওয়া দরকার। জনসাধারণেরও সতর্ক থাকা দরকার।
45. এর মধ্যে কোন কথাটি আমাদের দেশে 20শে আগস্ট তারিখটির জন্য ঠিক নয়?
A) নরেন্দ্র অচ্যুত দাভোলকারের হত্যার দিনটি অর্থাৎ 20শে আগস্ট, 2018 সাল থেকে সারা দেশে বিজ্ঞান মনস্কতা দিবস হিসাবে পালন করা হয়।
B) বিজ্ঞান শিক্ষার প্রসার ও গবেষণার উন্নতি ঘটানো এই দিনের প্রধান লক্ষ্য।
C) অস্ববিশ্বাস, কুসংস্কার ও মানুষ মানুষে ভেদাভেদের বিরুদ্ধে লড়াই—এই দিনের লক্ষ্য।
D) সারা ভারতে অল ইন্ডিয়া পিপল সায়েন্স নেটওয়ার্কও সাধারণ মানুষের মধ্যে বিজ্ঞান-চেতনা প্রসারের কাজ করে।

VI(8)

46. নিচে উল্লিখিত উপকারগুলির মধ্যে কোনটি গাছের কাছ থেকে পাওয়া যায় না ?
A) গাছ অক্সিজেন দেয়
B) গাছ ভূমিক্ষয় রোধ করে
C) গাছ জলচক্রে সহায়তা করে
D) গাছ মাইক্রোপ্লাস্টিক ধ্বংস করে।
47. তোমার বাড়ির কাছে বাস রাস্তার ধারে নয়ানজুলি বন্ধ করে একটি বই-খাতার দোকান ঘর তৈরী হচ্ছে। তুমি কী করবে ?
ক) বলব — খুব সুন্দর হচ্ছে। খাতা, কলম কিনতে দূরে যেতে হবে না।
খ) বন্ধুদের সঙ্গে নিয়ে কেমন ভাবে দোকান তৈরি হচ্ছে, সেটা দেখতে যাব।
গ) যাতে নয়ানজুলি বন্ধ করে ঐ দোকান তৈরি না হতে পারে তার জন্য অভিভাবকদের প্রশাসনের দ্বারস্থ হতে অনুরোধ করব। নিজেও কাজ বন্ধ করার অনুরোধ করব।
ঘ) আমি ছাত্র। আমার লেখাপড়া বাদে এসব ভাবা উচিত নয়। তাই কিছুই করব না।
A) ক
B) খ
C) গ
D) ঘ
48. তোমার স্কুল থেকে ফেরার পথে বজ্র-বিদ্যুৎ সহ ঝোঁপে বৃষ্টি এল। তখন তুমি কী করবে ?
ক) বড় গাছের তলায় দাঁড়িয়ে থাকব
খ) গাছ থেকে দূরে গিয়ে উবু হয়ে বসব
গ) হেঁটে বাড়ি চলে আসব
ঘ) রাস্তার উপর শুয়ে পড়ব।
A) ক
B) খ
C) গ
D) ঘ
49. ধরে নাও বাজারে চারজন সজ্জি বিক্রেতা এসেছে। তিন জন সাইন বোর্ড লাগিয়ে সজ্জি বিক্রয় করছে। প্রথম জনের সাইনবোর্ডে লেখা - রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহারে উৎপন্ন সজ্জি। দ্বিতীয় জনের সাইনবোর্ডে লেখা - জৈব সার ও রাসায়নিক কীটনাশক ব্যবহার করে উৎপন্ন সজ্জি, তৃতীয় জনের সাইনবোর্ডে লেখা— জৈব সার ও জৈব কীটনাশক ব্যবহার করে উৎপন্ন সজ্জি। চতুর্থ জনের কোন সাইন বোর্ড নেই। তুমি কোন্ সজ্জি বিক্রেতার কাছ থেকে সজ্জি কিনবে যদি তোমার সামর্থ্যে কুলায় ?
A) প্রথম জন
B) দ্বিতীয় জন
C) তৃতীয় জন
D) চতুর্থ জন।
50. তোমার পাশের বাড়িতে একজনকে সাপ কামড় দিয়েছে। আশপাশের লোকজন ঐ বাড়িতে ছুটে এসেছে। বিপিন নামে এক ব্যক্তি বললেন— “যেখানে কামড়েছে তার ঠিক উপরে শক্ত করে দড়ি দিয়ে বাঁধ।” আইনাল বলল — “তাড়াতাড়ি ওঝা ডাক”। শর্মিলা বলল — “চল, সাপটাকে ধরি, তাহলে চিকিৎসা করতে সুবিধা হবে।” ফুলমণি বলল — “ওসব বাদ দিয়ে এফুনি হাসপাতালে নিয়ে চল”। কে ঠিক বলছে ?
A) বিপিন
B) আইনাল
C) শর্মিলা
D) ফুলমণি।

Rough